

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
(শৃঙ্খলা ও তদন্ত উপশাখা)  
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,  
বিজয় নগর, ঢাকা-১০০০।  
www.dife.gov.bd

নং-৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭- ২৪০৬

তারিখঃ ২৯ চৈত্র ১৪৩২  
১২ এপ্রিল ২০২৬

### আদেশ

যেহেতু, জনাব মোঃ ইউনুছ বেপারী, অফিস সহায়ক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনা (সংযুক্ত- উপমহাপরিদর্শকের কার্যালয়, দিনাজপুর)-এ কর্মরত রয়েছেন। উপমহাপরিদর্শকের কার্যালয়, কুমিল্লায় কর্মরত থাকাকালীন তার বিরুদ্ধে আনীত “অফিস সহায়ক হয়েও শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব গোলাম খাজা মোহাম্মদ মঈন উদ্দিন আহমেদ এর সাথে পরিদর্শন করা, আব্দুল মালেক এন্ড সন্স (ফিলিং স্টেশন) প্রতিষ্ঠান কর্তৃপক্ষের কাছ থেকে উৎকোচ দাবি ও তা গ্রহণ” বিষয়ক অভিযোগের প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুসারে- অভিযোগকারী প্রতিষ্ঠান আব্দুল মালেক এন্ড সন্স (ফিলিং স্টেশন) এর কর্তৃপক্ষের নিকট থেকে তিনি উৎকোচ দাবী করেন ও তা গ্রহণ করেন। এছাড়া, পরিদর্শন কার্যক্রম পরিচালনা এখতিয়ার-বহির্ভূত হওয়া সত্ত্বেও তিনি শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব গোলাম খাজা মোহাম্মদ মঈন উদ্দিন আহমেদকে অযাচিতভাবে কারখানা পরিদর্শনে সাথে নিয়ে যেতে উদ্বুদ্ধ করেন এবং যৌথভাবে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেন। তদুপরি, তিনি আব্দুল ওহাব হোটেল এন্ড রেস্টুরেন্ট নামক প্রতিষ্ঠানটি রাত প্রায় ৯.০০ ঘটিকার সময় শিশু শ্রমের পরিদর্শনে যান এবং পরিদর্শন কার্যক্রম প্রক্রিয়ায় সম্পৃক্ত হন; এবং

যেহেতু, তার এহেন অসজ্ঞাত আচরণ চাকুরী শৃঙ্খলার পরিপন্থী এবং একজন সরকারি কর্মচারীর পক্ষে শিষ্টাচার বহির্ভূত আচরণ; যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিতে “অসদাচরণ” ও “দুর্নীতি পরায়নতা” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় ১৩-১০-২০২৫ খ্রি. তারিখের ৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭-১০২৮ নম্বর স্মারক-মূলে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৪/২০২৫ রুজুপূর্বক তার বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা বরাবর অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, ২৬-১০-২০২৫ খ্রি. তারিখে তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। তৎপ্রেক্ষিতে, ০৫-১১-২০২৫ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক বর্ণিত অভিযোগ তদন্তের জন্য উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা-এ কর্মরত সহকারী মহাপরিদর্শক (সাধারণ) জনাব মোঃ শাহিনুর রহমান-কে তদন্তকারী কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিতে “অসদাচরণ” ও “দুর্নীতি পরায়নতা” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

সেহেতু, জনাব মোঃ ইউনুছ বেপারী, অফিস সহায়ক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনা (সংযুক্ত- উপমহাপরিদর্শকের কার্যালয়, দিনাজপুর)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক লঘুদণ্ড হিসেবে “৩৩ (তিন) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত” এর দণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(ওমর মোঃ ইমরুল মহসিন)  
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)  
+৮৮-০২-২২৬৬৬৪২০২ (ফোন)  
+৮৮-০২-২২৬৬৬৪২০৩ (ফ্যাক্স)  
ig@dife.gov.bd

নং-৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭-১৪০৬/১(১৫)

তারিখঃ ২৯ চৈত্র ১৪৩২  
১২ এপ্রিল ২০২৬

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্ম সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ২। যুগ্মমহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৩। যুগ্মমহাপরিদর্শক, অর্থ ও পরিকল্পনা অধিশাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর **(আদেশ পত্রের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণের অনুরোধসহ);**
- ৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, পাবনা;
- ৫। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, পাবনা **(আদেশপত্রের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণের অনুরোধসহ);**
- ৬। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, কুমিল্লা;
- ৭। উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৮। উপমহাপরিদর্শক, প্রশাসন শাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৯। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, দিনাজপুর;
- ১০। ডোসিয়ার সংরক্ষণকারী কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ১১। জনাব মোঃ ইউনুছ বেপারী, অফিস সহায়ক, উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনা;
- ১২। জনাব মোঃ ইউনুছ বেপারী, অফিস সহায়ক, উপমহাপরিদর্শকের কার্যালয়, দিনাজপুর;
- ১৩। জনাব মোঃ ইউনুছ বেপারী, অফিস সহায়ক-এর ব্যক্তিগত নথি;
- ১৪। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর **(অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);** এবং
- ১৫। অফিস কপি/গার্ড ফাইল।



(ওমর মোঃ ইমরুল মহসিন)  
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)